

## 🗏 আশ-শূরা | Ash-Shura | الشُّورى

আয়াতঃ ৪২:৩৯

আরবি মূল আয়াত:

## وَ الَّذِينَ إِذَا أَصَابَهُمُ البَغِيُ هُم يَنتَصِرُونَ ﴿٣٩﴾

## 🗚 অনুবাদসমূহ:

আর তাদের উপর অতিরিক্ত বাড়াবাড়ি করা হলে তারা তার প্রতিবিধান করে। — আল-বায়ান আর তাদের উপর অতিরিক্ত বাড়াবাড়ি করা হলে নিজেদের প্রতিরক্ষার ব্যবস্থা করে। — তাইসিরুল এবং যারা অত্যাচারিত হলে প্রতিশোধ গ্রহণ করে — মুজিবুর রহমান

And those who, when tyranny strikes them, they defend themselves, - Sahih International

৩৯. আর যারা, যখন তাদের উপর সীমালঙ্গন হয় তখন তারা তার প্রতিবিধান করে।

তাফসীরে জাকারিয়া

## (৩৯) এবং যারা অত্যাচারিত হলে প্রতিশোধ গ্রহণ করে।[1]

[1] অর্থাৎ, তারা প্রতিশোধ গ্রহণ করতে অপারগ নয়। প্রতিশোধ নিতে চাইলে নিতে পারে। কিন্তু শক্তি থাকা সত্ত্বেও তারা ক্ষমা করে দেওয়াকে প্রাধান্য দেয়। যেমন, নবী করীম (সাঃ) মক্কা বিজয়ের দিন এমন লোকদের ব্যাপারে সাধারণ ক্ষমা ঘোষণা করেছিলেন, যারা ছিল তাঁর রক্তপিপাসু। হুদাইবিয়ার সন্ধির দিন তিনি সেই ৮০জন লোককে মাফ করে দিয়েছিলেন, যারা তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র করেছিল। লাবীদ ইবনে আ'স্বাম ইয়াহুদীর কাছ থেকে প্রতিশোধ গ্রহণ করেননি, যে তাঁকে যাদু করেছিল। সেই ইয়াহুদী মহিলাকেও তিনি মাফ করে দিয়েছিলেন, যে তাঁর খাদ্যে বিষ মাখিয়ে দিয়েছিল। যার কন্ত তিনি জীবনের শেষে মরণ-মুহূর্তেও অনুভব করেছিলেন। (ইবনে কাসীর) (অবশ্য পরবর্তীতে তারই বিষে এক সাহাবীর মৃত্যু হলে তার খুনের বদলে তাকে হত্যা করা হয়েছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4311

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন